ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২ ১৩৪
উদয়পুর, ৫ আগস্ট, ২০২৫

**উদয়পুরে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু**

সারা রাজ্যের সঙ্গে উদয়পুরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর এবং খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের উদ্যোগে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়ক মূল্যে ধান ক্রয় শুরু হয়েছে। আজ উদয়পুরের টেপানিয়া খাদ্য গুদাম প্রাঙ্গণে এই কর্মসূচির উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করে তিনি বলেন, রাজ্য সরকার ২০১৮ সাল থেকে কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করা শুরু করেছে। তখন প্রতি কেজি ধানের ন্যূনতম সহায়ক মূল্য ছিল ১৭টাকা ৫০ পয়সা। বর্তমানে তা বেড়ে হয়েছে ২৩ টাকা প্রতি কেজি। এতে কৃষকরা উপকৃত হবেন। রবি মরসুমে ধান ক্রয় করার জন্য সারা রাজ্যে ৩১টি কেন্দ্র খোলা হয়েছে। তার মধ্যে গোমতী জেলায় ৭টি কেন্দ্র রয়েছে বলে তিনি জানান। কৃষকরা যাতে সঠিক মূল্য পায় তার জন্য রাজ্য সরকার কৃষকদের কাছ থেকে ধান ক্রয় করছে। টেপানিয়া খাদ্য গুদাম প্রাঙ্গণে আগামী ১০ আগস্ট পর্যন্ত ধান ক্রয় করা হবে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন টেপানিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান রামচন্দ্র দেবনাথ, কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের গোমতী জেলার উপঅধিকর্তা কৃষ্ণধন সাহা প্রমুখ। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য রাখেন উদয়পুর মহকুমার মহকুমা শাসক ত্রিদিপ সরকার এবং সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার।

******